ঈদের ছুটিতে ৮ দিন বন্ধ হিলি বন্দরের কার্যক্রম

আজ শনিবার থেকে টানা ৮দিন ছুটির ফাঁদে দিনাজপুরের হিলি স্থলবন্দরের সকল কার্যক্রম। পবিত্র ঈদুল আজহা, জাতীয় শোক দিবস ও সাপ্তাহিক ছুটি উপলক্ষে বন্দরের আমদানি-রপ্তানিকারক গ্রুপ, সিএন্ডএফ এজেন্টস অ্যাসোসিয়েশন সহ বন্দর সংশ্লিষ্ট সংগঠনগুলি এই সিদ্ধান্ত নিয়েছে।

শনিবার সকাল থেকেই এই বন্দরের মাধ্যমে বাংলাদেশ ও ভারতের মধ্যে পণ্য আমদানী-রপ্তানী কার্যক্রম বন্ধ হয়ে গেছে। তবে হিলি চেকপোস্টের মাধ্যমে দুই দেশের মধ্যে পাসপোর্ট যাত্রী চলাচল স্বাভাবিক আছে।

বন্দরের বাংলাহিলি কাস্টমস সিএন্ডএফ এজেন্টস অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক আব্দুর রহমান লিটন জানান, আগামী ১২ আগস্ট সারাদেশে পবিত্র ঈদুল আজহা উদযাপন করা হবে। ১৫ আগস্ট জাতীয় শোক দিবস। এর পরেরদিন সাপ্তাহিক ছুটি। এ কারণে আজ শনিবার থেকে ১৭ আগস্ট পর্যন্ত ৮দিন বন্ধের এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

লিটন বলেন, ‘বন্ধের বিষয়টি ইতোমধ্যে ভারতের হিলি এক্সপোর্টার এন্ড কাস্টমস ক্লিয়ারিং এজেন্টস এসোসিয়েশন কর্তৃপক্ষকে পত্র দিয়ে জানানো হয়েছে। আগামী ১৮ আগস্ট সকাল থেকে যথারীতি শুরু হবে বন্দরের সকল কার্যক্রম।’

হিলি স্থল শুল্ক স্টেশনের রাজস্ব কর্মকর্তা নুর আমীন বলেন, ‘ব্যবসায়ীরা এই কয়দিন বন্ধের সিদ্ধান্ত নিলেও শুধুমাত্র ঈদ, জাতীয় শোক দিবস ও সাপ্তাহিক ছুটিতে কাস্টমস কার্যালয় বন্ধ থাকবে। এরপর থেকে অফিসিয়াল কাজ-কর্ম চলবে। এর বাইরে আমাদের অতিরিক্ত ছুটি গ্রহণের কোনো সুযোগ নেই।’

এদিকে হিলি ইমিগ্রেশন চেকপোস্টের অফিসার ইনচার্জ (ওসি) মো. রফিকুজ্জামান জানান, হিলি ইমিগ্রেশন চেকপোস্ট সকল ধরণের সরকারি ও বেসরকারী ছুটির আওতামুক্ত থাকে। তাই ঈদ বা কোনো দিবসের দিনেও বাংলাদেশ ও ভারতের মধ্যে পাসপোর্ট যাত্রী পারাপার স্বাভাবিক থাকে।